



## PRESS CLIP

**Publication:-** Ganashakti

**Date: -** 23<sup>rd</sup> April 2020

**Page :-**02

Webinar on "Learn,Lead, and Link-up:Knowledge Comes Closer with Social Distancing" organized by The Bengal Chamber on 10th April, 2020.

# ডিজিটাল পদ্ধতিতে শিক্ষা নিয়ে আলোচনা

নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ২২ এপ্রিল- করোনা সমস্যার মধ্যে শিক্ষা ব্যবস্থায় পরিবর্তন এসেছে। এ ক্ষেত্রে প্রযুক্তি একটা বড়সড় ভূমিকা পালন করেছে। খোলনলচে বদলে যাচ্ছে শিক্ষা ব্যবস্থার ধরনের। ডিজিটাল ক্লাসরুম এসে গিয়েছে ঘরের মধ্যে। এই বিষয়কে আরও ভাল করে বুঝতে সম্প্রতি বিসিসিআই আয়োজন করেছিল 'লার্ন, লিড অ্যান্ড লিঙ্ক-আপ: নলেজ কামস ক্রোজার উইথ সোশ্যাল ডিস্টেন্সিং' শীর্ষক কর্মসূচির। এতে অংশ নিয়েছিলেন জেআইএস গোষ্ঠীর কর্মকর্তা সহ অন্যান্য শিক্ষাবিদরা।

আলোচনায় জেআইএস গ্রুপের অধিকর্তা সিমরগ্রীত সিং বলেন, “আমরা গত তিন বছর ধরে ফ্লিপ লার্নিং এবং ব্লেন্ডেড লার্নিং শুরু করেছি। তাই এই কঠিন সময় সামলানো আমাদের শিক্ষকদের পক্ষে খুব অসুবিধার নয়। ভবিষ্যতে ডিজিটাল পদ্ধতিতে লেখাপড়ার চল আরও বাড়বে। এই পদ্ধতি আরও ভাল করে বুঝে নিতে আমরাও প্রস্তুত। লকডাউনের পর আমাদের দেশে ডিজিটাল লেখাপড়া অন্য দেশের তুলনায় ১০-২০ গুণ বাড়বে।” অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সৈকত মৈত্র, সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক প্রবজ্যোতি চট্টোপাধ্যায়, বিসিসিআই'র শিক্ষা বিষয়ক কমিটির চেয়ারপার্সন এবং ইন্টারন্যাশনাল ইন্সটিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট-এর চিফ মেন্টর ড. সুবর্ণ বসু। অনুষ্ঠানটি সঞ্চালনার দায়িত্বে ছিলেন অলক্যাপস্ কমিউনিকেশনের প্রতিষ্ঠাতা ও দ্য বেঙ্গল চেম্বারের শিক্ষা বিষয়ক কমিটির সদস্য সুমিত দাশগুপ্ত।